

## ■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩১৫৩

৫০/ কুরআন তাফসীর (ﷺ) পরিচ্ছেদঃ সূরা কাহ্ফ

بَابُّ: وَمِنْ سُورَةِ الكَهْف

## আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بِنُ بَشَّارٍ، وَغَيْرُ، وَاحِدٍ، \_ الْمَعْنَى وَاحِدٌ وَاللَّفْظُ لِابْنِ بَشَّارٍ قَالُوا حَدَّثَنَا أَبُو عَوَانَةً عَنْ قَتَادَةً عَنْ أَبِي رَافِعٍ عَنْ حَدِيثِ أَبِي هُرَيْرَةً عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم فِي السَّدِ قَالَ " يَحْفِرُونَهُ كُلَّ يَوْمٍ حَتَّى إِذَا كَادُوا يَخْرِقُونَهُ عَدًا فَيُعِيدُهُ اللَّهُ كَأَمْثَلِ مَا كَانَ حَتَّى إِذَا بَلَغَ مُدَّتَهُمْ قَالَ الَّذِي عَلَيْهِمُ ارْجِعُوا فَسَتَخْرِقُونَهُ غَدًا فَيُعِيدُهُ اللَّهُ كَأَمْثَلِ مَا كَانَ حَتَّى إِذَا بَلَغَ مُدَّتَهُمْ وَأَرَادَ اللَّهُ أَنْ يَبْعَثَهُمْ عَلَى النَّاسِ قَالَ الَّذِي عَلَيْهِمُ ارْجِعُوا فَسَتَخْرِقُونَهُ غَدًا إِنْ شَاءَ اللَّهُ وَأَرَادَ اللَّهُ أَنْ يَبْعَثَهُمْ عَلَى النَّاسِ قَالَ الَّذِي عَلَيْهِمُ ارْجِعُوا فَسَتَخْرِقُونَهُ غَدًا إِنْ شَاءَ اللَّهُ وَالسَّتَثْنَى . قَالَ فَيَرْجُعُونَ فَيَجِدُونَهُ كَهَيْتِهِ حِينَ تَرَكُوهُ فَيَخْرِقُونَهُ فَيَدْرُجُونَ عَلَى النَّاسِ فَيسْتَقُونَ الْمِياهُ وَيَفِرُّ النَّاسُ مِنْهُمْ فَيَرْمُونَ بَسِهَامِهِمْ فِي السَّمَاءِ فَتَرْجِعُ مُخَضَّبَةً بِالدِّمَاءِ فَيَشُولُونَ قَهَرْنَا مَنْ فِي السَّمَاءِ قَسُوةً وَعُلُونًا مَنْ فِي السَّمَاءِ قَسُوةً وَعُلُونًا . فَيَبْعَثُ اللَّهُ عَلَيْهِمْ فَيَوْلُونَ قَهُرْنَا مَنْ فِي السَّمَاءِ قَسُوةً وَعُلُونًا . فَيَبْعَثُ اللَّهُ عَلَيْهِمْ فَيَوْلُونَ قَهُرْنَا مَنْ فِي السَّمَاءِ قَسُوةً وَعُلُونًا مَنْ فُوالَّذِي نَفْسُ مُحَمَّد بِيدِهِ إِنَّ دَوَابَّ الأَرْضِ تَسْمَنُ وَتَبْطَرُ وَتَسْمَكُرُ شَكْرًا مِنْ لُحُومِهِمْ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ إِنَّمَا نَعْرِفُهُ مِنْ وَتَسُمَّ عَرِيبٌ إِنَّمَا نَعْرِفُهُ مِنْ وَتَسْمَا لَوْحَهُ مِثْلُ هَذَا الْوَجْهِ مِثْلُ هَذَا .

## বাংলা

৩১৫৩. মুহাম্মাদ ইবন বাশশার প্রমুখ (রহঃ) ...... আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। (যুল কারনায়ন নির্মিত) প্রাচীর সম্পর্কে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ এটিকে এরা (ইয়াজুজ মাজুজেরা) প্রতি দিনেই খোঁড়ে। শেষে যখন বিদীর্ণ করে ফেলার উপক্রম হয় তখন তাদের উপর দায়িত্বশীল ব্যক্তিটি বলেঃ তোমরা ফিরে চল। আগামীকাল এসে আমরা এটা বিদীর্ণ করব। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, এর মধ্যে এই প্রাচীরটিকে আল্লাহ্ তা'আলা আগে যা ছিল তার চেয়েও উত্তমরূপে পুনর্নির্মিত করে দেন। অবশেষে যখন নির্ধারিত দিন এসে পৌঁছবে এবং আল্লাহ্ তা'আলা এদের মানুষের বিরুদ্ধে পাঠানোর ইচ্ছা করবেন সে সময় তাদের দায়িত্বে নিযুক্ত নেতাটি বলবে, তোমরা ফিরে চল তোমরা আগামীকাল ইনশাআল্লাহ্ এটি বিদীর্ণ করবে।



সেই ইনশাআল্লাহর সঙ্গে তারা কথা বলবে। পরে তারা যখন ফিরে আসবে তখন গতদিন যেভাবে ছেড়ে রেখে গিয়েছিল সেই অবস্থায়ই তারা এটি পাবে। তখন তারা এটি বিদীর্ণ করে ফেলবে এবং মানুষের বিরুদ্ধে বেরিয়ে পড়বে। তারা সব পানি পাণ করে ফেলবে। আর লোকজন তাদের থেকে পালিয়ে যাবে। এরপর তারা তাদের তীরগুলো আসমানের দিকে ছুঁড়বে। এগুলো রক্ত রঞ্জিত হয়ে ফিরে আসবে। তারা নিজেরা বর্বরতা ও অহংকারে মদমত্ত হয়ে বলবে, পৃথিবীতে যা আছে তাদের পরাজিত করলাম এবং আকাশবাসীদের উপরও জয়লাভ করলাম। তখন আল্লাহ্ তা'আলা তাদের পিঠে একদল প্রেরণ করবেন। এতে তারা সবাই ধ্বংস হয়ে যাবে। কসম সেই সন্তার যাঁর হাতে মুহাম্মাদের প্রাণ, এদের মাংস ভক্ষণ করে পৃথিবীর জীবজন্তুগুলো মোটা সতেজ ও চর্বিময় হয়ে উঠবে।

সহীহ, ইবনু মাজাহ ৪০৮০, তিরমিজী হাদিস নম্বরঃ ৩১৫৩ [আল মাদানী প্রকাশনী]

(আবু ঈসা বলেন)হাদীসটি হাসান-গারীব। এ সূত্রেই আমরা অনুরূপ হাদীস জানি।

## **English**

Narrated Abu Rafi':

a Hadith of Abu Hurairah, from the Prophet (ﷺ), regarding the 'barrier (18:93).' "They excavated each day, until when they are just about to penetrate it, their leader says: 'Go back so that you can penetrate it tomorrow!'" He said: "But Allah makes it return just as it was, until their appointed time, when Allah ordains to send them upon the people, and their leader says: 'Go back so you can penetrate it tomorrow, if Allah wills.' So he makes this exception." He said: "So they return, and find it just as it was when they left it. Then they penetrate it, and [they (Ya'juj & Ma'juj)] are released upon the people drinking up the water, and the people flee from them. They shoot their arrows into the heavens so they returned dyed with blood, and they say - crudely and arrogantly - 'We vanquished those in the earth, let us dominate the inhabitants of the heavens.' Then Allah sends Naghaf upon them, attaching to the nape of their necks, destroying them." He said: "By the One in Whose Hand is the soul of Muhammad! The beasts of the earth will become very fat and bloated with milk from their flesh."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন